# আইন-শৃঙ্খলা কমিটির জুন ২০২৫ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ কামরুজ্জামান সরকার
উপজেলা নির্বাহী অফিসার
খানসামা, দিনাজপুর।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, খানসামা, দিনাজপুর।
তারিখ : ২৯/০৬/২০২৫ খ্রি.
সময় : বিকাল ৩.৩০ ঘটিকা
সভায় উপস্থিতি : পরিশিষ্ট-'ক'

আলোচ্য বিষয়:
১। আনসার ও ভিডিপি কার্যক্রম সম্পর্কিত আলোচনা।
২। বিবিধ।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী মতামত/বক্তব্য প্রদানের জন্য তিনি এ সভার সদস্য সচিবকে অনুরোধ জানান।

সদস্য সচিব ও উপজেলা আনসার ও ভিডিপি প্রশিক্ষক সভায় জানান যে, আনসার ও ভিডিপি বিভাগের বিভাগীয় কার্যক্রম যথা নিয়মে চলছে। তিনি জানান প্রতিটি ইউনিয়নে রাত্রীকালীন পাহাড়ায় নিয়োজিত আনসার ও ভিডিপি সদস্যদের দায়িত্ব পালনের সুবিধার্থে টর্চ লাইন প্রদান করা হলে তারা তাদের দায়িত্ব আরো সুন্দরভাবে সম্পন্ন করতে পারবে।

সদস্য সচিব ও উপজেলা আনসার ভিডিপি প্রশিক্ষক সভায় আরও জানান যে, সভা সমাবেশের মাধ্যমে আনসার ও ভিডিপি সদস্যগণকে বিভিন্ন অপকর্ম যেমন চুরি, ডাকাতি, ছিনতাই, মাদক, নারী ও শিশু পাচার ইত্যাদি বিষয়ে সচেতন করা হয়েছে।

চেয়ারম্যান, ১নং আলোকঝাড়ী ইউনিয়ন সভায় জানান যে, তার ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো আছে। জনপ্রতিনিধিগণ আইন-শৃঙ্খলা রক্ষায় সর্বদায় আইন-শৃঙ্খলা বাহিনীকে সহযোগিতা করছেন।

চেয়ারম্যান, ৫নং ভাবকী ইউনিয়ন সভায় জানান যে, ভাবকী ইউনিয়ন খানসামা উপজেলা সদর হতে দূরবর্তী ইউনিয়ন। তার ইউনিয়নে বড় ধরনের কোন অপরাধ যেন সংগঠিত না হয় সে বিষয়ে সজাগ দৃষ্টি রেখেছেন।

সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, খানসামা উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো রাখার জন্য সকলের সম্মিলিত প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।

বিবিধ আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/০৬/২৫

(মোঃ কামরুজ্জামান সরকার)
সভাপতি
আইন-শৃঙ্খলা উপজেলা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
খানসামা, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর কার্যালয়
খানসামা, দিনাজপুর।

স্মারক নং : আভি/খান/দিনাজ/২৫- ১৭৫ তারিখ : ২৯/০৬/২০২৫ খ্রি.

০১। উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর।
০২। চেয়ারম্যান,..........নং..................................ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর।
০৩। জনাব/বেগম.......................................................সম্মানিত সদস্য, খানসামা, দিনাজপুর।
০৪। সংশ্লিষ্ট নথি।

(মোঃ মোমিনুল ইসলাম)
সদস্য সচিব
আইন-শৃঙ্খলা উপজেলা কমিটি
ও
উপজেলা আনসার ও ভিডিপি প্রশিক্ষক
খানসামা, দিনাজপুর।

পরিশিষ্ট "ক"

তারিখ-২৯/০৬/২০২৫ খ্রি.

| ক্রমিক নং | কর্মকর্তা/সদস্যগনের নাম ও পদবী | সভায় পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোঃ কামরুজ্জামান সরকার, উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর। | সভাপতি | |
| ০২ | মোঃ খলিলুর রহমান, চেয়ারম্যান, ১নং আলোকঝাড়ী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর। | সদস্য | |
| ০৩ | মোঃ রিয়াজুল ইসলাম, চেয়ারম্যান, ২নং ভেড়ভেড়ী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর। | সদস্য | |
| ০৪ | মোঃ রবিউল আলম তুহিন, চেয়ারম্যান, ৫নং ভাবকী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর। | সদস্য | |
| ০৫ | মোঃ জিল্লুর রহমান, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), খানসামা ডিগ্রী কলেজ, খানসামা, দিনাজপুর- | সদস্য (কো-অপ্ট) | |
| ০৬ | জনাব মোঃ শরিফুল আলম প্রধান, বিশিষ্ট ব্যক্তি, গোবিন্দপুর, খানসামা, দিনাজপুর | সদস্য (কো-অপ্ট) | |
| ০৭ | মোঃ মোমিনুল ইসলাম, উপজেলা আনসার ও ভিডিপি প্রশিক্ষক, খানসামা, দিনাজপুর | সদস্য-সচিব | |